# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস ইলমে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে নিপতিত করে যে, ছুটে যাওয়া সালাত হয়তো সূর্য উদয়ের সময় আদায় করা যাবে না যতক্ষন না সূর্য শুভ্র হয়ে প্রকাশিত না হয়

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الصَّلَاةَ الْفَائِتَةَ لَا تُؤَدَّى عِنْدَ طُلُوعِ الشَّمْسِ حَتَّى تَبْيَضَّ

---

আরবী

1577 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ سَعِيدٍ الْجَوْهَرِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ فُضَيْلٍ قَالَ: حَدَّثَنَا حُصَيْنُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ: عَنْ أَبِيهِ قَالَ: سِرْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ بَعْضُ الْقَوْمِ: لَوْ عَرَّسْتَ بِنَا يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (أَخَافُ أَنْ تَنَامُوا عَنِ الصَّلَاةِ) فَقَالَ بِلَالٌ: أَنَا أُوقِظُكُمْ فَاسْتَنَدَ إِلَى رَاحِلَتِهِ وَاسْتَيْقَظَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ طَلَعَ حَاجِبُ الشَّمْسِ فَقَالَ: (يَا بِلَالُ أَيْنَ مَا قُلْتَ؟ ) قَالَ: أُلْقِيت عَلَيَّ نَوْمَةٌ مَا نِمْتُ مِثْلَهَا قَطُّ قَالَ: (قُمْ فَأَذِّنِ النَّاسَ بِالصَّلَاةِ) فَلَمَّا طَلَعَتِ الشَّمْسُ وَابْيَضَّتْ قَامَ فَصَلَّى بِهِمْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

الراوي : أَبُو قَتَادَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1577 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (465 و 466)

বাংলা

১৫৭৭. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার এক সফরে আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে চলছিলাম, তখন কওমের মধ্য হতে একজন বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, যদি আপনি আমাদের নিয়ে এই শেষ রাতে বিশ্রামের জন্য যাত্রা বিরতি দিতেন, (তবে সেটা

কতোইনা ভালো হতো)!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমার আশংকা হয় যে, (এই শেষ সময় যাত্রা বিরতি দিলে) তোমরা সালাত আদায় না করে ঘুমিয়ে থাকবে।” তখন বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমি আপনাদের জাগিয়ে দিবো।” রাবী বলেন, “অতঃপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর বাহনে হেলান দিয়ে ঘুমিয়ে পড়েন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘুম থেকে জাগ্রত হন এমন অবস্থায় যে, সে সময় সূর্যের গোলক উদিত হয়েছে! তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “হে বিলাল, তুমি যা বলেছিলে, তা কোথায় গেলো?” জবাবে বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আমার উপর এমন ঘুম চেপে বসে, এমন ঘুম আমি আর কখনই ঘুমাইনি!” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “দাঁড়াও, মানুষের মাঝে সালাতের আযান দাও।” অতঃপর যখন সূর্য উদিত হয়ে শুভ্র হয়ে গেলো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে সালাত আদায় করেন।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫৯৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৩৮; সুনান বাইহাকী: ১/৪০৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৬৬; মুসনাদ আহমাদ: ৫/৩০৭; আবূ দাউদ: ৪৩৯; নাসাঈ: ২/১০৫-১০৬; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪০১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৪৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91171

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন